# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৫৪৯

পর্ব-২৩: চিকিৎসা ও ঝাড়-ফুঁক (كتاب الطب والرقى)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الْفَصْلُ الثَّانِي

আরবী

وَعَن كبشةَ بنت أبي بكرةَ: أَنَّ أَبَاهَا كَانَ يُنْهِي أَهْلَهُ عَنِ الْحِجَامَةِ يَوْمَ الثُّلَاثَاءِ وَيَزْعُمُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «أَنَّ يَوْمَ الثُّلَاثَاءِ يَوْمُ الدَّمِ وَفِيهِ سَاعَةٌ لَا يَرْقَأُ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৪৫৪৯-[৩৬] কাবশাহ্ বিনতু আবূ বকরা (রাঃ) হতে বর্ণিত। তাঁর পিতা নিজেই পরিবারের লোকেদেরকে মঙ্গলবারে শিঙ্গা লাগাতে নিষেধ করতেন এবং তিনি বলতেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মঙ্গলবার রক্ত চলাচলের দিন এবং সে দিনের মধ্যে এমন একটি মুহূর্ত আছে, যাতে রক্ত (নির্গত হলে তা) বন্ধ হয় না। (আবূ দাঊদ)[1]

ফুটনোট

[1] য‘ঈফ : আবূ দাঊদ ৩৮৬২, য‘ঈফ আত্ তারহীব ২০২২, বায়হাক্বী’র কুবরা ২০০২২।

হাদীসটি য‘ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে ‘‘আব্দ বাকরাহ্ বাক্কার ইবনু ‘আবদুল ‘আযীয’’, যিনি নির্ভরযোগ্য নন। আরও একজন বর্ণনাকারী হলেন কায়সাহ্। যিনি কেবল মাজহূলুল হাল নন বরং মাজহূলুল ‘আইন। বিস্তারিত দেখুন- সিলসিলাতুয্ য‘ঈফাহ্ ২২৫১ নং হাদীস, ৫/২৭৮ পৃঃ।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (يَوْمُ الدَّمِ) অর্থাৎ এমন দিন যাতে শরীরে অধিক রক্তের সঞ্চালন হয়। এটাও বলা হয় যে, তার অর্থ হলো এ দিনটি রক্তের দিন লেখা ছিল। অর্থাৎ আদামের ছেলে তার ভাইকে হত্যা করেছিল।

(سَاعَةٌ لَا يَرْقَأُ) অর্থাৎ সেদিন রক্ত স্থির থাকে না তথা থামে না। এর অর্থ হলো যদি কোন ব্যক্তি ঐ দিনে শিঙ্গা লাগায় তবে রক্ত বন্ধ না হওয়ার কারণে বেশির ভাগে মৃত্যুর আশঙ্কা থাকে। মহান আল্লাহই ভালো জানেন। ('আওনুল মা'াবূদ ৭ম খন্ড, হাঃ ৩৮৫৮; মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ কাবশাহ্ বিনতু আবূ বাকরা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=75273

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন